

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৬৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

بَابُ الرِّفْقِ وَالْحَيَاءِ وَحُسْنِ الْخُلُق

আরবী

وَعَنْ جَرِيرٍ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مِنْ يُحْرَمِ الرِّفْقَ يُحْرَمِ الْخَيْرَ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৫০৬৯-[২] জারীর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যাকে নম্রতা থেকে বঞ্চিত করা হয়, যেন তাকে পুণ্য থেকে বঞ্চিত করা হয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৬-(২৫৯২), আহমাদ ১৯২০৮, আবৃ দাউদ ৪৮০৯, সহীহুল জামি' ৬৬০৬, ইবনু মাজাহ ৩৬৮৭, সহীহুল জামি' ৬৬০৬, সহীহ আতৃ তারগীব ২৬৬৬, সহীহ আল আদাবুল মুফরাদ ৪৬২, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ২৫৩০৬, শু'আবুল ঈমান ৮৪১৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২৩৮৭, আস্ সুনানুল কুবরা ২১৩১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مِنْ يُحْرَمِ الرِّفْق) অর্থাৎ আল্লাহ যাকে নম্রতা থেকে বঞ্চিত করেন, যার থেকে তা কেড়ে নেন। মূলত সে ব্যক্তি যাবতীয় কল্যাণ থেকে বঞ্চিত হয়ে যায়। কারণ কোমলতা, নম্রতা, ধীরস্থিরতা ও যাবতীয় কাজে তাড়াহুড়া পরিহার না করলে কল্যাণ সাধিত হয় না। (ইবনে মাজাহ্ ৩য় খন্ড, হাঃ ৩৬৮৭)

হাদীসটির বাস্তবিক শিক্ষা : নম্রতা মহান আল্লাহ কর্তৃক প্রদত্ত একটি মহৎ গুণ যা যাবতীয় কল্যাণের উৎস। তিনি যাকে যাবতীয় মেহেরবানীতে আবদ্ধ করতে চান, তাকে সেটা দান করেন। পক্ষান্তরে যাকে যাবতীয় কল্যাণ থেকে বঞ্চিত করতে চান, তাকে এ গুনটি থেকেও বঞ্চিত করা হয়, যেন তাকে সকল প্রকার পুণ্য থেকে বঞ্চিত করা



হয়। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন